কুষ্টিয়ায় লক্ষ্যমাত্রার অধিক পাটচাষ

গেলো বছর পাটের দাম ভালো পাওয়ায় এবারও কুষ্টিয়ার কৃষকরা পাট চাষের দিকে ঝুঁকেছে।

লক্ষ্যমাত্রার চেয়ে বেশি জমিতে পাটের চাষ করেছে বলে জানিয়ে কৃষি সম্প্রসারণ অধিদগ্তর।

তবে কৃষকরা জানান, ‘কয়েক বছর আগেও পাটের দাম ভালো না পাওয়ায় অনেক চাষী পাট চাষ ছেড়েই দিয়েছিল। গত দুই/তিন বছর ধরে পাটের দাম ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে একই সাথে দেশে ও বিদেশে পাটের চাহিদা বাড়ার কারণে চাষীও ভালো দাম পাচ্ছে। এভাবে দাম থাকলে আগামীতে আরও বেশি জমিতে পাট চাষ করবেন বলে জানিয়ে প্রত্যান্ত অঞ্চলের কৃষকরা।

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের হাজরাহাটি এলাকার চাষি আব্দুল্লাহ বলেন, গতবছর আমি দুই বিঘা জমিতে পাটের আবাদ করেছিলাম। ভালো দাম পেয়েছিলাম। ১হাজার ৭০০ থেকে দুই হাজার টাকা মণ পর্যন্ত বিক্রি করেছিলাম। দাম ভালো পাওয়ার কারণে এবং লাভবান হওয়ায় এ বছর আমি চার বিঘা জমিতে পাট চাষ করেছি। পাটের রোগবালাই তেমন একটা নেই। পাটও বেশ ভালো হয়েছে। দাম ভালো পেলে লাভ হবে ভালোই।’

স্থানীয় পাট অধিদপ্তরের দেওয়া তথ্য মতে, লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ২ হাজার ২৭৮ একর জমিতে বেশি পাটের আবাদ হয়েছে। এর মধ্যে কুষ্টিয়া সদরে ৬ হাজার ৭৯২ একর, কুমারখালীতে ১২ হাজার ৩২৫ একর, খোকসায় ১০ হাজার ৬২১ একর, মিরপুরে ১৭ হাজার ৯২ একর, ভেড়ামারায় ৮ হাজার ৭০৬ একর এবং দৌলতপুর উপজেলায় ৪০ হাজার ৯৭৭ একর জমিতে পাট চাষ করা হয়েছে। গত বছর জেলায় পাট চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিলো ৯০ হাজার ৫০০ একর জমি। সে বছর পাটের আবাদ হয়েছিলো ৮৯ হাজার ৫৩৪ একর জমিতে। এ বছর পাটের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়ে ৪ লাখ ২৪ হাজার ৬৫৪ বেল।

পাটের দাম ভালো পাওয়ায় চাষীরা পাট চাষ বেশি করেছেন উল্লেখ করে কুষ্টিয়া জেলা পাট উন্নয়ন কর্মকর্তা মামুন-অর-রশিদ জানান, গত বছর কৃষকরা সর্বশেষ ২৪০০-২৫০০ টাকা পর্যন্ত মণ হিসেবে পাট বিক্রি

করেছেন। যখন পাট ওঠে তখনও ১৭০০-২২০০ টাকা পর্যন্ত দাম পেয়েছেন। তিনি আরও বলেন, আমরা জেলার প্রায় এক হাজার ৮০০ পাট চাষীদের প্রণোদনা প্রকল্পের মাধ্যমে পাট বীজ, রাসায়নিক সার দেয়া হয়েছে। মূলত পাটের দাম ভালো হওয়ায় চাষীরা পাট চাষে বেশি আগ্রহী হয়েছেন।

কুষ্টিয়া জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক (শস্য) কৃষিবিদ রঞ্জন কুমার জানান, এ বছর কুষ্টিয়া জেলায় পাটচাষের লক্ষ্যমাত্রা ছিলো ৯৪ হাজার ২৩৫ একর জমি।কিন্ত জেলার ৬টি উপজেলায় চলতি মৌসুমে মোট পাটের আবাদ হয়েছে প্রায় ৯৬ হাজার ৫১৩ একর জমিতে।

কুষ্টিয়ার দৌলতপুরে ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৪৭ বোতল ভারতীয় আমদানী নিষিদ্ধ ফেন্সিডিল সহ মো: শিমুল (৩৬) ও মো: সামিরুল ইসলাম (৩৪) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকালে দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান এর নির্দেশে মশাউড়া মন্ডলপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছে থাকা ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।আটককৃত মোঃ শিমুল দৌলতপুর উপজেলার মশাউড়া
এলাকার আজিমুদ্দিনের স্ত্রী ও মোঃ সামিরুল ইসলাম একই উপজেলার গরুড়া এলাকার মৃত রেজাউল সরদারের ছেলে।

দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান জানান, মাদক ব্যবসায়ীদের মধ্যে কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সকালে এসআই মোঃ আব্দুল জব্বার সরকার সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মশাউড়া মন্ডলপাড়া এলাকায় অভিযান চালান। এসময় তাদের দুজনকে ফেনসিডিল সহ আটক করা হয়। এ ব্যাপারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মামলা দায়ের করা হয়েছে।

ইসলামি বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচি

ইবি শাখা ছাত্রলীগের সাবেক ছাত্র বিষয়ক সম্পাদক মিজানুর রহমান লালন বলেছেন, পৃথিবীকে বসবাসের উপযোগী করতে ও প্রাকৃতিক বিপর্যয়ের করাল গ্রাস থেকে দেশকে রক্ষা করতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই।

‘মুজিববর্ষের আহবান তিনটি করে গাছ লাগান’ স্লোগানকে সামনে রেখে বাংলাদেশ ছাত্রলীগের তিন মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে শুক্রবার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন চত্বরে এ বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনকালে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, দেশরত্ন শেখ হাসিনার ডাকে সাড়া দিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সর্বদা কাজ করতে প্রস্তুত। তারই ধারাবাহিকতায় ‘মুজিববর্ষের আহবান একটি করে গাছ লাগান’ স্লোগানকে ধারণ করে আমাদের এই কর্মসূচি পালন করা।

এসময় ইবি শাখা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক তৌকির মাহফুজ মাসুদ, সাবেক সহ-সম্পাদক ফয়সাল সিদ্দিকী আরাফাত, আলামীন জোয়ার্দার প্রমূখ উপস্থিত ছিলেন।

ইবি শাখা ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক ফয়সাল সিদ্দিকী আরাফাত বলেন, মুজিব বর্ষের আহবান তিনটি করে গাছ লাগান কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশে আমরা ইবি শাখা ছাত্রলীগের উদ্যোগে এ কর্মসূচি পালন করছি। ফলজ, বনজ ও ঔষধি গাছ ক্যাম্পাসের বিভিন্ন স্থানে রোপণ করা হয়। কেন্দ্রীয় ছাত্রলীগের নির্দেশনা মত আমরা ইবি শাখা ছাত্রলীগ কাজ করে যাচ্ছি বলেও জানান তিনি।

প্রসঙ্গত, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষে সারা দেশে গাছ রোপণ করতে উদ্যোগ নেয় বাংলাদেশ ছাত্রলীগ। ‘মুজিবর্ষের আহ্বান, ৩টি করে গাছ লাগান’ স্লোগানকে সামনে রেখে সকলকে অংশগ্রহণের নির্দেশ দেওয়া হয়। প্রতিটি নেতাকর্মী (আষাঢ়, শ্রাবণ ও ভাদ্র) এই তিন মাস সময়ের মধ্যে কমপক্ষে ৩টি (বনজ, ফলদ ও

ভেষজ) বৃক্ষ রোপণ করার আহবান জানান।

মিরপুরে কৃষকের কমলা-মালটা- পেঁয়ারা বাগান তছনছ!

কুষ্টিয়ার মিরপুরে এক কৃষকের দেড় বিঘা জমির কমলা-মালটা ও পেঁয়ারা গাছ কর্তন করেছে দুর্বৃত্তরা।

গতকাল শুক্রবার (০৩ জুলাই) সকালে জমিতে গিয়ে গাছগুলো কাটা পড়ে থাকতে দেখে ঐ কৃষক।

ঘটনাটি ঘটেছে কুষ্টিয়ার মিরপুর উপজেলার মালিহাদ ইউনিয়নের আশানগর এলাকার কৃষক জিয়াউর রহমানের জমিতে।

ক্ষতিগ্রস্থ কৃষক জিয়াউর রহমান জানান, আমি ৭-৮ মাস আগে নিজের দেড় বিঘা জমিতে প্রায় এক হাজার গাছের চারা লাগিয়েছিলাম। এর মধ্যে কমলা লেবু, মালটা এবং পেঁয়ারা গাছের চারা রয়েছে। পেঁয়ারা গাছ গুলোতে ফুল এবং গুটিও এসেছে। আশা ছিলো এবছর শুধু পেঁয়ারাই পাবো প্রায় লাখ টাকার।

তিনি বলেন, সকালে জমিতে লেবার নিয়ে কাজ করতে গিয়ে দেখি বাগানের ১ হাজার গাছের মধ্যে প্রায় ৬শ গাছ কাটা পড়ে রয়েছে। এর মধ্যে প্রায় ৩-৪শ পেঁয়ারা গাছ, ১২০টি কমলা লেবু এবং ৫০ টি মালটা গাছ। এতে আমার প্রায় ৩ লাখ টাকার মতো ক্ষতি হয়েছে।

তিনি আরো জানান, ফল চাষ লাভজনক হওয়ায় আমার ছোট ভাই এর পরামর্শে আমি এসব ফলের বাগান করার পরিকল্পনা নিয়েছিলাম।

গতকাল আমি ১৫ হাজার টাকা বিঘাপ্রতি হিসাবে ২২ বিঘা জমি বর্গা নিয়েছি এসব ফলের বাগার করার জন্য। এজন্যই হয়তো কেউ শত্রুতা করে এমন ক্ষতি করে দিয়ে গেছে। তবে যেই এমনটি করুক আমি তার বিচার চাই।

এ ঘটনায় মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম ও কৃষি অফিসের কর্মকর্তারা ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন

করেছেন।

এ ব্যপারে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, শত্রুতা বসত এ ঘটনের ঘটনা ঘটিয়েছে। এতে ঐ কৃষক ক্ষতিগ্রস্থ হয়েছে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে দোষীদের আইনের আওতায় আনা হবে।

কুষ্টিয়ায় ফুটবল খেলা নিয়ে বিরোধে প্রকাশ্য দিবালোকে প্রতিপক্ষের ছুরিকাঘাতে কিশোর খুন

কুষ্টিয়ায় ফুটবল খেলা নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষের ছুরিকাঘাতে তরিকুল ইসলাম (১৭) নামে এক কিশোর খুন হয়েছে। গতকাল শুক্রবার বিকেল সাড়ে ৫টার দিকে কুষ্টিয়া শহরের থানা পাড়া পুলিশ ক্লাব সংলগ্ন খেলার মাঠে এ ঘটনা ঘটে। নিহত তরিকুল শহরের চর কুঠিপাড়ার কামু আলীর ছেলে।

পুলিশ ও প্রত্য¶দর্শীরা জানান, স্থানীয় যুবকÑকিশোররা প্রতিদিনের মত বিকেলে ওই মাঠে ফুটবল খেলছিল। এ সময় চর থানা পাড়ার আব্দুস সালামের ছেলে মিনারুল ইসলামের সঙ্গে তুচ্ছ ঘটনা নিয়ে তরিকুলের কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে মিনারুল তার পকেটে থাকা ছুড়ি বের করে তরিকুলের শরীরে উপর্যপুরি আঘাত করে পালিয়ে যায়।

এতে তরিকুল মাটিতে লুটিয়ে পড়লে, স্থানীয়রা গুরুতর আহত তরিকুলকে কুষ্টিয়া ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। স্থানীয়দের অনেকেই এ ঘটনাকে স্থানীয় কিশোর গ্যাং এর কাজ বলে মন্তব্য করছেন।

কুষ্টিয়া মডেল থানার ওসি গোলাম মোস্তফা জানান, ঘটনার পর থেকে হত্যাকান্ডের হোতা মিনারুল পলাতক রয়েছে। তাকে গ্রেফতারে অভিযান

চলছে।

খোকসার নতুন ইউএনও‘র করোনা জয়

কুষ্টিয়ার খোকসা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মেজবাহ উদ্দীন করোনা জয় করে কর্মস্থলে যোগদান করেছেন।
বৃহস্পতিবার (২ জুলাই) তিনি তার কর্মস্থল খোকসা উপজেলায় যোগদান করেন। কুষ্টিয়ার সিভিল সার্জন ডা. এইচ এম আনোয়ারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন।
জানা গেছে, গত ১৩ জুন দুপুরে তিনি খোকসার ৩৩ তম নির্বাহী হিসেবে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে যোগদান করেন। এর পর ১৪ জুন তিনি কুষ্টিয়া পিসিআর ল্যাবে প্রশাসনিক নির্দেশনায় করোনা পরীক্ষার জন্য নমুনা দেন। ১৫ জুন তার করোনা পজেটিভ আসে। টানা ১৫ পর গত ৩০ জুন তিনি করোনা থেকে জয়লাভ করে।
এ ব্যাপারে খোকসা উপজেলা নির্বাহী অফিসার মেজবাহ উদ্দিন বলেন, খোকসাবাসীর দোয়ায় ও মহান আল্লাহ রাব্বুল আলামিনের অশেষ মেহেরবানীতে ১৫ দিন পর টেস্টে নেগেটিভ এসেছে এবং আমি সম্পূর্ণ সুস্থ হয়ে আপনাদের মাঝে ফিরে এসেছি।

কুষ্টিয়ার দৌলতপুরে ইজিবাইকের ধাক্কায় শিশু নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে ইজিবাইকের ধাক্কায় সাজিম (৫) নামে এক শিশু নিহত হয়েছে।
বৃহস্পতিবার সন্ধ্যা ৬টার দিকে দৌলতপুর-তারাগুনিয়া থানামোড় সড়কের মন্ডলপাড়া এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নিহত শিশু শালিমপুর গ্রামের রানা বিশ্বাসের ছেলে।
প্রত্যক্ষদর্শীরা জানায়, শিশু সাজিম রাস্তার পার হয়ে তার বাবার কাছে যাওয়ার সময় দ্রুতগামী একটি ব্যাটারী চালিত ইজিবাইক তাকে

ধাক্কা দেয়। এতে শিশুটি রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়। পরে তাকে উদ্ধার করে দৌলতপুর হাসপাতালে নেওয়ার পথে শিশুটি মারা যায়। ঘটনাস্থলে উপস্থিত দৌলতপুর থানার ওসি (তদন্ত) নিশিকান্ত জানান, ইজিবাইকের ধাক্কায় সাজিম নামে এক শিশু মারা গেছে। ঘটনা তদন্তে খোঁজখবর নেওয়া হচ্ছে।

কুষ্টিয়ায় প্রতিবন্ধী শিশুকে ধর্ষণের অভিযোগে যুবক গ্রেপ্তার

কুষ্টিয়ার খোকসা উপজেলায় এক মানসিক প্রতিবন্ধী শিশুকে (১২) ধর্ষণের অভিযোগে শুকুর প্রামানিক (৩৮) নামে এক মুদি দোকানিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহস্পতিবার গ্রেপ্তার শুকুর প্রামানিককে আদালতের সোপর্দ করা হয়। আদালত জামিন নামঞ্জুর করে জেলহাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন বলে নিশ্চিত করেছে পুলিশ।

শুকুর প্রামানিক খোকসা উপজেলার বাসিন্দা এবং স্থানীয় মুদি দোকানদার।

খোকসায় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহুরুল আলম জানান, গত মঙ্গলবার দুপুরে শিশুটি চকলেট কিনতে শুকুর প্রামানিকের দোকানে যায়। এ সময় শুকুর চকলেটের প্রলোভন দেখিয়ে নিজ ঘরে নিয়ে গিয়ে ধর্ষণ করে। প্রতিবন্ধী শিশুর মা শিশুটিকে খুঁজতে শুকুর প্রামানিকের বাড়ির ঘরে প্রবেশ করলে তার ঘরের মধ্যে বিবস্ত্র অবস্থায় শিশুটিকে দেখতে পায়।

বিষয়টি জানাজানি হলে প্রতিবন্ধী শিশুকে হত্যা করবে এই ভয় দেখিয়ে তাদের দুজনকেই ঘরে আটকে রাখেন শুকুর প্রামানিক।

পরে স্থানীয়রা মা-মেয়েকে সেখান থেকে উদ্ধার করে। এ ঘটনায় গতকাল বুধবার শিশুর মায়ের দেয়া এজাহারটি আমলে নিয়ে নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আইনে মামলাটি রেকর্ড হয়েছে।

শিশুটির ডাক্তারি পরীক্ষা সম্পন্ন হয়েছে। এ মামলার একমাত্র এজাহারভুক্ত আসামি শুকুর প্রামানিককে বুধবার রাতে গ্রেপ্তার করা হয় বলেও জানান ওসি।

কুষ্টিয়ায় গাঁজাসহ যুবক আটক

কুষ্টিয়ার কুমারখালীতে দুই কেজি গাঁজাসহ জিয়াউর রহমান (৩৬) নামে এক যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। গতকাল বুধবার বিকেলে উপজেলার শালঘরমধুয়া পশ্চিমপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক জিয়াউর রহমান ওই এলাকার বাসিন্দা।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করে র্যাব-১২ কুষ্টিয়ার ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার স্বজল কুমার সরকার জানান, গোপন সংবাদে ওই এলাকায় অভিযান চালিয়ে জিয়াউর রহমানকে আটক করা হয়।

এসময় তার থেকে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে কুমারখালী থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করে তাকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান র্যাবের এই কর্মকর্তা।

কুষ্টিয়ায় নতুন করে ৩০ জন করোনায় আক্রান্ত

কুষ্টিয়া মেডিক্যাল কলেজের পিসিআর ল্যাবে আজ জেলার ১২৬ টি নমুনা পরীক্ষা করা হয়। এরমধ্যে জেলায় আজ নতুন করে ৩০ জনকে আক্রান্ত বলে সনাক্ত করা হয়েছে।

নতুন আক্রান্তের মধ্যে কুষ্টিয়া জেলার দৌলতপুরে ৯ জন, মিরপুরে ১

জন, সদরে ১৮ জন, কুমারখালীতে ১ জ্ন, খোকসায় ১ জন । (ফলোআপ সদর১, দৌলতপুর১, ভেড়ামারা১)
কুষ্টিয়া সদর উপজেলায় আক্রান্ত ১৮ জনের ঠিকানা জুগিয়া ১জন, হাউজিং স্টেট ১ জন, পশ্চিম মজমপুর ২ জন, পুলিশ লাইন ১ জন, থানাপাড়া ১ জন, উত্তর আমলাপাড়া ১ জন, পূর্ব মজমপুর ২ জন, সিএসবি রোড, আমলাপাড়া ১ জন, এন এস রোড ১ জন, কাস্টমস মোড় ১ জন, চৌড়হাস ১ জন, বারখাদা ৪ জন ও কুষ্টিয়া সরকারি কলেজ ১ জন।

মিরপুর উপজেলায় আক্রান্ত ১ জনের ঠিকানা মালিহাদ। দৌলতপুর উপজেলায় আক্রান্ত ৯ জনের ঠিকানা দফাদারপাড়া ৪ জন, মহেশকুণ্ডি ৪ জন, আদাবাড়িয়া ১ জন। কুমারখালী উপজেলায় আক্রান্ত ১ জনের ঠিকানা তারাপুর। খোকসা উপজেলায় আক্রান্ত ১ জনের ঠিকানা চড়পাড়া।

নতুন আক্রান্তের মধ্যে পুরুষ ১৯ জন, মহিলা ১১ জন। এই নিয়ে কুষ্টিয়ায় এখন পর্যন্ত ৬৫২ জন কোভিড রোগী সনাক্ত হল।

সিভিল সার্জন ডা: এএইচ এম আনোয়ারুল ইসলাম জানান, সুস্থ হয়ে ছাড়া পেয়েছেন মোট ২৫৭ জন, বর্তমানে হোম আইসোলেশনে চিকিৎসাধীন ৩৬১ জন। হাসপাতালে চিকিৎসাধীন ৩৪ জন। এবং করোনায় আক্রান্ত হয়ে মারা গেছে ১১ জন।